

সভা নং - ০১ (এক)

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাম্মদ মুরাদুজ্জামান
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
 মধুখালী, ফরিদপুর।
 স্থান : ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
 তারিখ : ২৪/০৮/২০২২ ইং রোজ মঙ্গলবার
 সময়ঃ সকাল ১১ঃ৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ :

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোর্শেদা আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ(সদস্য)	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ ওয়ালিদ হাসান মামুন	চেয়ারম্যান, কামালদিয়া ইউনিয়ন পরিষদ(সদস্য)	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ সাব্বির উদ্দিন	চেয়ারম্যান, মেগচামী ইউনিয়ন পরিষদ(সদস্য)	স্বাক্ষরিত
০৪	জনাব আজিজুর রহমান	(কো-অপ্ট সদস্য)	স্বাক্ষরিত
০৫	জনাব ডাঃ হাবিবুর রহমান	(কো-অপ্ট সদস্য)	স্বাক্ষরিত
০৬	জনাব আলভীর রহমান	উপজেলা কৃষি কর্মকর্তা (সদস্য-সচিব)	স্বাক্ষরিত

সভার আলোচ্য বিষয়বস্তু :


- ১। মাঠ ফসলের চলমান সমস্যা সম্পর্কিত।
- ২। নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান
- ৩। মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও নিরাপদ ফসল উৎপাদনে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার।
- ৪। জলাবদ্ধতা নিরসনে খাল খনন ও কালভার্ট স্থাপন প্রসঙ্গে।
- ৫। বিবিধ।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ :

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন ও নিরাপদ ফসল উৎপাদনে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার।	উপজেলা কৃষি কর্মকর্তা জানান, মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন, কুমড়া জাতীয় ফসলে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার করতে হবে।	মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন করার জন্য কৃষকদেরকে পরামর্শ প্রদান করতে হবে। কুমড়া জাতীয় ফসলে সেক্স ফেরোমন ফাঁদ ব্যবহার করার জন্য কৃষকদের কে পরামর্শ প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা/ উপসহকারী কৃষি কর্মকর্তা
২। অনাবৃষ্টির কারণে পাট ফসলে জাগ দিতে সমস্যা প্রসঙ্গে।	কামালদিয়া ইউপি চেয়ারম্যান ও মেগচামী ইউপি চেয়ারম্যান সভাকে জানান অনাবৃষ্টির কারণে কারণে দুই ইউনিয়নের পাট জাগা দিতে সমস্যা হচ্ছে।	মেগচামী ইউনিয়নের গাজনা বিল ও কামালদিয়া ইউনিয়নের নিখরিয়া গ্রামে খাল খনন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	চেয়ারম্যান(সকল) ইউনিয়ন
৩। মাঠ ফসলের চলমান সমস্যা	আলোচ্য সূচি অনুযায়ী উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বর্তমানে মাঠে রোপা আমনের রোপন কাজ চলমান রয়েছে, ধান ক্ষেতে বিভিন্ন ধরনের প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে যেমন লাইনে রোপন, গুটি ইউরিয়া ব্যবহার, গাছের ডাল কেটে পাচিং করা সহ বিভিন্ন কার্যক্রম করা যেতে পারে।	চলমান রোপা আমন চাষীদের উদ্ভুদ্ধ করনের মাধ্যমে লাইনে ধান রোপন করাতে হবে। রোপন পরবর্তি জমিতে গুটি ইউরিয়া ব্যবহার ও গাছের ডাল পুতে পাচিং এর পরামর্শ প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা/ উপসহকারী কৃষি কর্মকর্তা

০৪। নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান	জনাব মোঃ সাব্বির উদ্দিন, চেয়ারম্যান, মেগচামী ইউনিয়ন পরিষদ, তিনি জানান কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান করা সহ কৃষকের দৌড়গড়াই সেবা পৌছাতে হবে।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ তাদের পাম্ফিক ভ্রমণসূচী অনুযায়ী নিয়মিত মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান করবেন এবং কৃষকের দৌড়গড়াই সেবা পৌছানোর লক্ষ্যে সার্বিক সহযোগিতা করবেন।	উপসহকারী কৃষি কর্মকর্তা
০৫। বিবিধ আলোচনা	বিবিধ আলোচনায় সভাপতি জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান জানান, উপজেলার কৃষি ও কৃষকের সার্থে ভেজাল সার ও কীটনাশক ক্রয় বিক্রয়ের বিষয়ে সতর্ক থাকতে হবে।	উপজেলার কৃষি ও কৃষকের সার্থে ভেজাল সার ও কীটনাশক ক্রয় বিক্রয়ের বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট সহ সকল প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।	উপজেলা প্রশাসন, মধুখালী, ফরিদপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।



(জনাব মোহাম্মদ মুরাদুজ্জামান)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও


ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ
মধুখালী, ফরিদপুর।

স্মারক নং

তারিখ :-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৫। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।
- ৬। অফিস নথি।



(আলভীর রহমান)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
মধুখালী, ফরিদপুর।